আমাদের সময়

তারিখ ... 27 FEB 2010 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

# রামগঞ্জে শিক্ষক হত্যাকারীদের শাস্তির দাবিতে বিক্ষোভ

রামগঞ্জ প্রতিনিধি ●

লক্ষ্মীপুরের রামগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক অহিদুর রহমান অভি হত্যাকারীদের বিচারের দাবিতে গতকাল শুক্রবার দুপুরে ফতেহপুর গ্রামবাসীর উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। পৌর শহরস্থ জোড় কবর নামক স্থান থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মুক্তিযোদ্ধা মঞ্চে সমাবেশ স্থলে গিয়ে শেষ। রাজনীতিবিদ রাকিবুল হাসান মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিভিন্ন রাজনীতি দলের নেতা, ব্যবসায়ী, শিক্ষক, সমাজ সেবকগণ বক্তব্য রাখেন। সমাবেশ আগামী ২৯ ফেব্রুয়ারি সোমবার রামগঞ্জে সকাল-সন্ধ্যা হরতালের ঘোষণা দেওয়া হয়। নিহত শিক্ষক অভি উপজেলার ফতেহপুর গ্রামের মৃত হাজি আবদুর রবের ছেলে।

প্রসঙ্গত, গত ২১ ফেব্রুয়ারি রোববার সকালে চান্দিনা কাঠের পুল নামক স্থান থেকে অভির লাশ উদ্ধার করা হয়। এ ঘটনায় নিহতের বড় ভাই আনোয়ার হোসেন বাদী হয়ে অভির দ্বিতীয় স্ত্রীকে প্রধান আসামি করে ১০ জনের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেন।